

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বস্ত্র অধিদপ্তর  
বস্ত্র ও পাট মন্ত্রণালয়  
বিটিএমসি ভবন (১০ম তলা)  
৭-৯, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।  
www.dot.gov.bd

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০৩.১৮.০০২২.২৬.৩৯

তারিখ: ৫ জ্যৈষ্ঠ ১৪৩৩  
১৯ মে ২০২৬

বিষয়: ইকো প্রেডস লিমিটেড নামক কারখানার অনুকূলে ৩য় এডহক শিল্প আইআরসি জারির সুপারিশ প্রদান  
সূত্র: কারখানা কর্তৃপক্ষের আবেদন পত্র নং-৪৬১, তারিখ: ০৬/০৫/২০২৬ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ইকো প্রেডস লিমিটেড, অফিসঃ সাউথ এভিনিউ টাওয়ার, হাউস নং-৫০ (৬ষ্ঠ তলা), রোড নং-০৩, ৭, গুলশান এভিনিউ, গুলশান-১, ঢাকা-১২১২ ও কারখানাঃ হোল্ডিং নং-৫০৩/২, নয়াপাড়া, কাশিমপুর, গাজীপুর সদর, গাজীপুর নামক শিল্প প্রতিষ্ঠানটি ১০০% রপ্তানিমুখী বস্ত্র শিল্প হিসেবে নিবন্ধিত। উক্ত প্রতিষ্ঠানের নিবন্ধন নম্বর- পরি:/কম্পা: ০০০০০৭৫৪-২০২৪, ৩০-০৪-২০২৪ খ্রিঃ এবং শিল্প উপখাতঃ "সুইং শ্রেড এন্ড ইয়ার্ন ডাইং"। প্রতিষ্ঠানটির অনুকূলে জারীকৃত শিল্প আই আর সি নম্বর- ২৬০৩২৬১২০৩৭২৩২৪, ০৪-০৭-২০২৪ খ্রিষ্টাব্দ। প্রতিষ্ঠানটির কর্তৃপক্ষ বিভিন্ন অসুবিধার কারণে ২য় এডহক সুবিধার বিপরীতে কাঁচামাল আমদানি করতে পারেনি। এমতাবস্থায় কারখানা কর্তৃপক্ষ ৩য় এডহক শিল্প আইআরসি সুবিধার অনুকূলে কাঁচামাল আমদানির সুবিধা প্রদানের আবেদন জানায়। তাদের দাখিলকৃত কাগজপত্রাদি পরীক্ষা-নিরীক্ষার আলোকে কারখানাটির অনুকূলে ষাণ্মাসিক আমদানি স্বত্ব ২,৩৭,৬০,০০০ (দুই কোটি সাইত্রিশ লক্ষ ষাট হাজার) টাকা ও বার্ষিক আমদানি স্বত্ব ৪,৭৫,২০,০০০/- (চার কোটি পঁচাত্তর লক্ষ বিশ হাজার) টাকা নির্ধারণ করে ৩য় এডহক শিল্প আই আর সি জারির সুপারিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, ১০০% রপ্তানিমুখী শিল্প হিসেবে প্রতিষ্ঠানটির কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির ক্ষেত্রে আমদানি নীতি আদেশ ২০২১-২০২৪ এর বিধি বিধান যথাযথভাবে পালন করতে হবে।

২। অতএব, উল্লিখিত বর্ণনার প্রেক্ষিতে বর্তমান আমদানি নীতি আদেশ ও অন্যান্য সরকারী বিধিবিধান প্রতিপালন সাপেক্ষে ইকো প্রেডস লিমিটেড নামক বস্ত্র শিল্প প্রতিষ্ঠানটির অনুকূলে কাঁচামাল আমদানির জন্য কারখানাটির অনুকূলে ষাণ্মাসিক আমদানি স্বত্ব ২,৩৭,৬০,০০০ (দুই কোটি সাইত্রিশ লক্ষ ষাট হাজার) টাকা ও বার্ষিক আমদানি স্বত্ব ৪,৭৫,২০,০০০/- (চার কোটি পঁচাত্তর লক্ষ বিশ হাজার) টাকা নির্ধারণ করে ৩য় এডহক শিল্প আই আর সি জারির সুপারিশ প্রদান করা হল।

৩। উল্লেখ্য যে, এ সুপারিশ উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ-কে আইনগত কোন দায়মুক্তি প্রদান করবে না।



১৯-০৫-২০২৬

কামরুল আলম

সহকারী পরিচালক (কারিগরি)

প্রধান নিয়ন্ত্রক

আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার), ১৬ তলা ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০৩.১৮.০০২২.২৬.৩৯/১ (৫)

তারিখ: ৫ জ্যৈষ্ঠ ১৪৩৩  
১৯ মে ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার), ১৬ তলা ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
- ২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা।
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, ইকো থ্রেডস লিমিটেড, অফিসঃ সাউথ এভিনিউ টাওয়ার, হাউস নং-৫০ (৬ষ্ঠ তলা), রোড নং-০৩, ৭, গুলশান এভিনিউ, গুলশান-১, ঢাকা-১২১২ ও কারখানাঃ হোল্ডিং নং-৫০৩/২, নয়াপাড়া, কাশিমপুর, গাজীপুর সদর, গাজীপুর।
- ৪। বস্ত্র অধিদপ্তর, ঢাকা, (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। এসিস্টেন্ট মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কোষ, বস্ত্র অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।



১৯-০৫-২০২৬

কামরুল আলম

সহকারী পরিচালক (কারিগরি)।